

সভা নং-১২

সভাপতি : মোঃ শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৪/১০/২০২১ খ্রিঃ । সময়ঃ-দুপুর ১১.০০ টা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জাহানারা, মহিলা ভাইস চেয়ারম্যান -	স্বাক্ষরিত
০২।	তারিকুল ইসলাম, চেয়ারম্যান, কাকড়াজান, ইউ, পি	স্বাক্ষরিত
০৩।	আব্দুল মান্নান, চেয়ারম্যান, গজারিয়া ইউ, পি	স্বাক্ষরিত
০৪।	মোঃ শাহ আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সদস্য সচিব)-	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহ :

(ক) যুব প্রশিক্ষণ বিষয়ক আলোচনা ।

(খ) যুব ঋণ ও খেলাপী ঋণ ।

(গ) নতুন প্রকল্প গ্রহণ ।

(ঘ) বিবিধ আলোচনা ।

অদ্য ১৪/১০/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে শুনান , কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় ।

১। যুব প্রশিক্ষণ :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, কোভিড-১৯ এবং রাশিয়া ইউক্রেন যুদ্ধের কারণে দেশের অর্থনৈতিক ও সার্বিক অবস্থা বিবেচনা করিয়া সরকার প্রশিক্ষণ সংখ্যা কমিয়ে এনেছেন । এ ব্যাপারে বলা হয়েছে ১৪ ব্যাচের পরিবর্তে আগামী অর্থ বছরে ৭ ব্যাচ প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা আসতে পারে ।

সিদ্ধান্তঃ-২০২১-২২ অর্থ বছরে সরকারী নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অর্জন করা এবং প্রকৃত বেকার যুবরা যাতে প্রশিক্ষণ পায় এবং মাননীয় প্রধান মন্ত্রীর মেনে প্রশিক্ষণ পরিচালনার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

যুব ঋণ ও খেলাপী ঋণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ৪-২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৯,৩০,০০০ টাকা। আগামী ডিসেম্বর মাসে ৩ জনকে ২,৪০,০০০ টাকা যুব ঋণ বিতরণ করা হবে। কোভিড-১৯ ও ইউক্রেন যুদ্ধের কারণে খেলাপী ঋণ বৃদ্ধি পেয়েছে। কিন্তু কোন ক্রমেই আদায় করা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণসহ খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।


সিদ্ধান্ত ৪-সরকারের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

নতুন প্রকল্প গ্রহণ-উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলায় অনেক শিক্ষিত বেকার যুব/যুব মহিলা চাকুরী না পেয়ে হতাশায় ভোগছে এবং বিভিন্ন প্রকার অসামাজিক অপকর্মে লিপ্ত হচ্ছে। তাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়ার পর ও সরকারের সীমাবদ্ধতার কারণে প্রশিক্ষণ দেওয়া বা আর্থিকভাবে সহযোগিতা করা সম্ভব হচ্ছে না। ফলে বেকার যুবদের একটা বিশাল অংশ বেকার অবস্থায় জবিন ধবংসের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। যদি তাদেরকে জাইকার আর্থিক সহায়তায় বা উপজেলা পরিষদের অন্য আর্থিক তহবিল হতে আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যায় তবে তাদেরকে ধবংসের পথ থেকে ফিরিয়ে আনা সম্ভব।

সিদ্ধান্ত-বিশাল শিক্ষিত বেকার যুবদেরকে জাইকার আর্থিক সহায়তায় বা উপজেলা পরিষদের অন্য কোন আর্থিক তহবিল হতে আউটসোর্সিং বিষয়ক এবং মহিলাদেরকে বিউটিফিকেশন প্রশিক্ষণ প্রদান করা যায় তবে তাদেরকে ধবংসের পথ থেকে ফিরিয়ে এনে আত্মকর্মী হিসেবে গড়ে তোলার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় উক্ত প্রস্তাব উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে উপস্থাপন করার জন্য অনুরোধ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ৪- সার্বিক আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাজের সন্তোষ প্রকাশ করেন এবং যথাযথভাবে কার্যক্রম পরিচালনার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সন্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,


সখিপুর, টাংগাইল।

স্মারক নং-যুউঅ/সখি/যুউক/(অংশ-৩)/০২ -

তারিখঃ ১৪/১০/২০২১খ্রীঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪।.....সদস্য(সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।



(মোঃ শাহ আলম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সখিপুর, টাঙ্গাইল।